# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫১৯

৩৪/ রক্তপণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ২৪. দাঁতের কিসাস সম্পর্কে।

باب الْقِصَاصِ مِنَ السِّنِّ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا الْمُعْتَمِرُ، عَنْ حُمَيْدٍ الطَّوِيلِ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ كَسَرَتِ الرُّبَيِّعُ أُخْتُ أَنَسِ بْنِ النَّضْرِ ثَنِيَّةَ امْرَأَةٍ فَأَتَوُا النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَضَى بِكِتَابِ اللَّهِ الْقِصَاصَ فَقَالَ أَنَسُ بْنُ النَّضْرِ وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ لاَ تُكْسَرُ ثَنِيَّتُهَا الْيَوْمَ . قَالَ " يَا أَنَسُ كِتَابُ اللَّهِ الْقِصَاصُ " . فَرَضُوا بِأَرْشٍ أَخَذُوهُ فَعَجِبَ نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم وَقَالَ " إِنَّ مِنْ عِبَادِ اللَّهِ مَنْ لَوْ أَقْسَمَ عَلَى اللَّهِ لأَبَرَّهُ " . قَالَ أَبُو دَاوُدَ سَمِعْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلٍ قِيلَ لَهُ كَيْفَ يُقْتَصُّ مِنَ السِّنِّ قَالَ تُبْرَدُ .

বাংলা

৪৫১৯. মুসাদ্দাদ (রহঃ) ... আনাস ইবন মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আনাস ইবন নাযর (রাঃ) এর বোন রুবাইয়া কোন এক মহিলার দাঁত ভেঙে দেয়। তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসলে, তিনি আল্লাহ্‌র কিতাবের বিধান অনুসারে কিসাসের ফায়সাসা দেন। তখন আনাস ইবন নাযর বলেনঃ (ইয়া রাসূলাল্লাহ!) ঐ জাতের কসম! যিনি আপনাকে সত্য নবী হিসাবে প্রেরণ করেছেন, আপনি আজ তার দাঁত ভাঙবেন না। তিনি বলেনঃ হে আনাস! আল্লাহ্‌র কিতাবের হুকুম হলো কিসাসের! আর যার দাঁত ভেঙে গিয়েছিল, তার ওয়ারিছরা দিয়াত গ্রহণে সম্মত হয়। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশ্চর্যন্বিত হয়ে বলেনঃ আল্লাহর এমন কিছু বান্দা আছে, যদি তারা আল্লাহ্‌র উপর ভরসা রেখে কসম খায়, তখন আল্লাহ্‌ তা সত্যে পরিণত করে দেন।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেনঃ আমি শুনেছি, আহমদ ইবন হাম্বল (রহঃ) কে জিজ্ঞাসা করা হয়েছিল যে, দাঁতের কিসাস কিভাবে নেওয়া হবে? তিনি বলেনঃ উকা দিয়ে ঘষতে হবে। (অর্থাৎ দাঁত ভেঙে দিতে হবে।)

## English

Narrated Anas bin Malik:

Al-Rubayyi', sister of Anas b. al-Nadr, broke (one of) the front teeth of a woman. They came to the Prophet (ﷺ). He made a decision in accordance with the Book of Allah that retaliation should be taken. Anas b. al-Nadr said: I swear by Him who has sent you the truth, her front tooth will not be broken today. He replied: Anas ! Allah's decree is retaliation. But the people were agreeable to accepting a fine, so the Prophet (ﷺ) said: Among Allah's servants there are those who, if they adjured Allah, He (Allah) would consent to it.

Abu Dawud said: I heard Ahmad b. Hanbal say: He was asked : How retaliation of a tooth is taken ? He said: It is broken with a file.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36625

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন